গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
www.mole.gov.bd

নম্বর: ৪০.০০.০০০০.০২০.৩৮.০০১.২২-৩০৬

তারিখ: ১০ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৫ জুলাই, ২০২২ খ্রি:

প্রজ্ঞাপন

জনাব মোঃ ইউসুফ আলী, উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বরিশালের বিরুদ্ধে ওয়াসিফ নীট কম্পোজিট লিঃ, ভোগড়া, বাসন সড়ক, গাজীপুর-এর মালিক কর্তৃক বেআইনিভাবে কারখানা বন্ধ করার কারণে সকল কর্মকর্তা-কর্মচারীদের আইনগত পাওনাদি পরিশোধের বিষয়ে গত ২৭-০৫-২০১৯ তারিখে জাতীয় সংসদ ভবনের ভিতরে এম.পি হোস্টেলে গাজীপুর জেলা কার্যালয়ের কর্মকর্তা, মালিক, শ্রমিক ও ফেডারেশনের সমন্বয়ে ত্রি-পক্ষীয় অনুষ্ঠিত বৈঠক সংক্রান্ত বিষয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়ের সহকারী মহাপরিদর্শক (সেফটি) জনাব শেখ আসাদুজ্জামান ও উপমহাপদির্শকের কার্যালয়, পাবনার (বর্তমান স্বেচ্ছায় অবসরপ্রাপ্ত) সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব মো: জাকির হোসেনের বিরুদ্ধে অসত্য তথ্য প্রদান করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে গত ১৬-০২-২০২২ তারিখের ৪০.০০.০০০০.০২০.৩৮.০০১.২২(অংশ-১)-৮৫ নং স্মারকের মাধ্যমে ০১/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। অতঃপর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন। অতঃপর গত ০৬-০৪-২০২২ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে ২০-০৪-২০২২ তারিখে আদেশের জন্য দিন ধার্য করা হয়।

০২। তিনি ব্যক্তিগত শুনানিতে বলেন যে, আমি সততা, নিষ্ঠা, দক্ষতা ও সুনামের সাথে বিগত ৩২ বছর চাকরিকাল সম্পন্ন করেছি। আর মাত্র ০২ (দুই) বছরের অধিককাল চাকুরি অবশিষ্ট রয়েছে। কোন সহকর্মী বা উর্ধ্বতন কর্তৃপক্ষের বিরুদ্ধে কারও কাছে কখনও কোন অভিযোগ করিনি। চাকরির প্রায় শেষপ্রান্তে এসে কোন সহকর্মীর বিরুদ্ধে বা কোন উর্ধ্বতন কর্তৃপক্ষের বিরুদ্ধে অসত্য তথ্য প্রদানের চিন্তাও করিনি। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ও আচরণ বিধি ভঙ্গ করিনি। এক্ষেত্রেও আমি উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অসত্য প্রতিবেদন দাখিল করিনি এবং প্রতিবেদনের বিষয় বস্তুতেও কারো নাম উল্লেখ করা হয়নি। সরল বিশ্বাসে প্রতিবেদনটি দাখিল করা হয়েছে। এছাড়া, তিনি আরও জানান ২ নং সাব-কমিটি বরাবর তার বক্তব্য প্রদানের ক্ষেত্রে ভাষাগত ভুল হয়ে থাকতে পারে। তার বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রার্থনা করেন এবং অনিচ্ছাবশত যদি কোন ভুল হয়ে থাকে সে জন্য ক্ষমা করে দেয়ার জন্য আকুল প্রার্থনাও করেন।

০৩। জনাব মোঃ ইউসুফ আলী, উপমহাপরিদর্শক, গাজীপুরের (সাবেক কর্মস্থল) ৩০-০৫-২০১৯ তারিখের ৪০.০১.৩৩০০.০০০.১৬. ০১৪.১৭-৫০৩৩ নং স্মারকের প্রতিবেদনের ভিত্তিতে ০২ জন কর্মকর্তাকে লঘুদন্ড হিসেবে তিরস্কার দন্ড প্রদান করা হয়। কিন্তু শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২ নং সাব-কমিটির প্রতিবেদন মোতাবেক 'দন্ড প্রাপ্ত ০২ জন কর্মকর্তা জনাব মো: হাশেম ভূইয়ার মেয়ের বিয়ের দাওয়াত পত্র প্রদান করতে গিয়েছিলেন। শ্রমিক অসন্তোষের সাথে অভিযুক্ত কর্মকর্তাগণ জড়িত এ সংক্রান্ত কোন তথ্য প্রমাণাদি পাওয়া যায়নি এবং বৈঠকের প্রাক্কালে অভিযুক্ত কর্মকর্তাগণ সেখানে উপস্থিত ছিলেন না'।

০৪। আদেশের জন্য ধার্য তারিখে জনাব মোঃ ইউসুফ আলীর ব্যক্তিগত শুনানির বক্তব্য, লিখিত জবাব এবং অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করা হলো। পর্যালোচনান্তে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা মাননীয় সংসদ সদস্য জনাব শাহজাহান খান এমপিসহ সহকারি মহাপরিদর্শক (সেফটি) জনাব শেখ আসাদুজ্জামান ও বর্তমানে স্বেচ্ছায় অবসরপ্রাপ্ত সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব মো: জাকির হোসেন এর বিরুদ্ধে শ্রম অসন্তোষের কল্পিত অভিযোগ আনয়ন করেছিলেন, এতে একজন সম্মানিত মাননীয় সংসদ সদস্যের ভাবমূতি চরমভাবে ক্ষুন্ন হয়েছে এবং বর্ণিত দু' জন কর্মকর্তা-কে তিরস্কার দন্ডে দন্ডিত করা হয়েছে।

০৫। যেহেতু শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গঠিত ২নং সাব-কমিটির নিকট অভিযুক্ত কর্মকর্তা শ্রমিক অসন্তোষের সাথে অভিযুক্ত বর্ণিত কর্মকর্তা দ্বয়ের বিরুদ্ধে কোন তথ্য প্রমাণাদী দাখিল করতে পারেন নি এবং তদন্ত প্রতিবেদনে ভাষাগত কারণে এ বিষয়টি উল্লেখ করা হয়েছে, যা তাঁর অনিচ্ছাকৃত ভুল ছিল এবং অনিচ্ছাকৃত ভুলের জন্য কমিটির নিকট ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে এ ধরণের ভুল তার হবে না মর্মে কমিটির নিকট অঙ্গীকার করেন। অর্থাৎ অভিযুক্ত কর্মকর্তার ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত ভুলের জন্য একজন মাননীয় সংসদ সদস্যের ভাবমূতি ক্ষুন্ন হয়েছে এবং দু' জন কর্মকর্তা লঘুদন্ডে (তিরস্কার) দন্ডিত হয়েছেন। এ বিষয়টি তিনি

স্বীকার করেছেন। সুতরাং এহেন কর্মকান্ডর জন্য অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণীত হয়েছে। তাই তিনি দোষী এবং শাস্তি দন্ড পাওয়ার যোগ্য।

০৬। উল্লেখ্য যে, অভিযুক্ত কর্মকর্তার অসত্য/কাল্পনিক বা অনিচ্ছাকৃত ভুলের কারণে বর্ণিত তথ্যের ভিত্তিতে যে দু' জন কর্মকর্তা-কে যে শাস্তি দেয়া হয়েছে, কমপক্ষে যে পরিমাণ শাস্তি বা দন্ড বা তাঁর চেয়ে একটু বেশি দন্ড বা শাস্তি পাওয়ার তিনি যোগ্য।

০৭। সুতরাং অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: ইউসুফ আলী, উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর বরিশাল-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসংগিক সকল বিষয় বিবেচনায় এনে একই বিধিমালার বিধি ৪(২) (খ) অনুযায়ী তাঁকে বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) ০১ (এক) বছরের জন্য স্থগিত দন্ড প্রদান করা হলো। একই সাথে এ মামলা নিষ্পত্তি করা হলো।

০৮। এ আদেশ অবিলম্বের কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৫/৭/২০২২

(মোঃ এহছানে এলাহী)
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

নম্বর: ৪০.০০.০০০০.০২০.৩৮.০০১.২২-৩০৬/১১

তারিখ: ১০ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৫ জুলাই, ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
১। মাননীয় প্রতিমন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বরিশাল।
৬। বর্তমান ঠিকানা: জনাব মোঃ ইউসুফ আলী, উপমহাপিরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, বরিশাল।
৭। স্থায়ী ঠিকানা: জনাব মোঃ ইউসুফ আলী, উপমহাপরিদর্শক, পিতা: মৃত মো: মোজাফ্ফর হোসেন, গ্রাম: শেখ পাড়া, পো: সলপ, উপজেলা: উল্লাপাড়া, জেলা: সিরাজগঞ্জ।
৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বরিশাল।
৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিবের অবগতির জন্য)।
১০। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিবের অবগতির জন্য)।
১১। অফিস কপি/গার্ড ফাইল।

২৫.০৭.২০২২

(মোহাম্মদ আহম্মেদ আলী)
উপসচিব
ফোন-+৮৮০২২২৩৩৫৭১৪০
Section10@mole.gov.bd